গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগরপুর, টাঙ্গাইল।
www.nagarpur.tangail.gov.bd

# আগস্ট ২০২৩ মাসের উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : ওয়াহিদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর, টাঙ্গাইল।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, নাগরপুর, টাঙ্গাইল।
সভার তারিখ ও সময় : ১০-০৮-২০২৩ খ্রি., সকাল ১১:০০ টা।
সভার উপস্থিতি : রেজিস্টারে সংরক্ষিত।

সভাপতি সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল সদস্য, যাঁরা ১৫ আগস্ট শাহাদত বরণ করেছেন তাঁদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এবং উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধনী থাকলে সভাকে জানাতে অনুরোধ করেন। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করা হয়। উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা বিষয়ে মতামত/পরামর্শ আহ্বান করা হলে উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। বিষয় ভিত্তিক আলোচনা, সিদ্ধান্ত ও বাস্তবায়নকারীগণের বিবরণ নিম্নে উল্লেখ করা হলো।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণ সংক্রান্ত | নাগরপুর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অফিসার ইনচার্জ, নাগরপুর থানা জানান, গত জুলাই ২০২৩ মাসে খুন-১, ধর্ষণের চেষ্টা-২, সিঁধেল চুরি-২, মাদক-৪, অন্যান্য-৫ মোট ১৪ টি মামলা হয়েছে। নাগরপুর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। আলোচনায় অন্যান্য অংশগ্রহণকারী বক্তাগণ জানান, নাগরপুর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। সামনের দিনগুলোতে এ ধারাবাহিকতা রক্ষার বিষয়ে আলোচনা। | ক) নাগরপুর উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক পর্যায়ে রাখার বিষয়ে অফিসার ইন চার্জ, নাগরপুর থানাকে অনুরোধ জানানো হয়।<br>খ) সকল ধর্মীয় অনুষ্ঠান, এবং সকল দিবসসমূহ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ পদক্ষেপ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) বিট পুলিশিং বিষয়ে গণ্যমান্য ব্যক্তিদের সমন্বয়ে ইউনিয়ন পর্যায়ে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) গ্রাম আদালত জোরদারকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) গ্রামপুলিশদের দায়িত্ব-কর্তব্য বিষয়ে গ্রামপুলিশদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অফিসার ইনচার্জ ও চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাহী অফিসার, নাগরপুর;<br>অফিসার ইনচার্জ, নাগরপুর থানা, টাঙ্গাইল;<br>চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, নাগরপুর। |
| ২. | মোবাইল কোর্ট সংক্রান্ত | জুলাই ২০২৩ মাসে ০৭ দিন মোবাইল কোর্ট পরিচালনা করে ১৬ টি মামলার মাধ্যমে ২৬,৩০০/- টাকা জরিমানা আদায় করা হয়। | ক) সংশ্লিষ্ট আইনের ধারা অনুযায়ী নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) মোবাইল কোর্ট পরিচালনার সময় আইন-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ বাহিনী প্রয়োজনীয় সহযোগিতা করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, নাগরপুর;<br>অফিসার ইনচার্জ, নাগরপুর থানা |
| ৩. | এইচএসসি ও সমমানের পরীক্ষা সংক্রান্ত | এইচএসসি ও সমমানের পরীক্ষা ২০২৩ সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালনার বিষয়ে আলোচনা। | ক) পরীক্ষার কেন্দ্র ও ভেন্যুতে পৌঁছানোর সময় প্রশ্নপত্রের সাথে পুলিশ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) আগামী ১৭-০৮-২০২৩ তারিখ হতে এইচএসসি ও সমমানের পরীক্ষা কেন্দ্র ও ভেন্যুর আশেপাশে পরীক্ষা চলাকালীন পর্যন্ত যানজট নিরসনে পুলিশ ও গ্রাম পুলিশ মোতায়েন করার বিষয়ে অনুরোধ জানানো হয়। | অফিসার ইনচার্জ, নাগরপুর থানা;<br>চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, নাগরপুর। |
| ৪. | জাতীয় দিবস উদযাপন | জাতীয় দিবস উদযাপন বিষয়ক আলোচনা। | ক) আগামী ১৫ আগস্ট ২০২৩ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ উপলক্ষে উপজেলা পর্যায়ে গৃহীত সকল কর্মসূচিতে আবশ্যিকভাবে সরকারি-বেসরকারি কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।<br>খ) আগস্ট মাসব্যাপী সকলে কালো ব্যাজ ধারণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ৫. | অনলাইন স্ক্যামিং | অনলাইনে বিভিন্ন ধরণের স্ক্যামিংসহ অনলাইনে নিষিদ্ধ কার্যক্রম বিষয়ে আলোচনা। | ক) অনলাইন স্ক্যামিংসহ নিষিদ্ধ কার্যক্রম বন্ধকল্পে তৎপরতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, নাগরপুর থানাকে অনুরোধ করা হয়।<br>খ) অনলাইনে বিভিন্ন ধরণের স্ক্যামিংসহ অনলাইনে নিষিদ্ধ কার্যক্রম বন্ধ করার বিষয়ে স্কুল-কলেজে সচেতনতামূলক সভা/সেমিনার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নাগরপুর থানা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, প্রধান শিক্ষক/অধ্যক্ষ, সকল শিক্ষা প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সকল |



CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | গ) নিজ নিজ সন্তানের মোবাইল ও কম্পিউটার ব্যবহারের বিষয়ে নজরদারী বৃদ্ধির জন্য সকল অভিভাবককে পরামর্শ প্রদানের জন্য জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ করা হয়। | |
| ৬. | ইউনিয়ন আইন শৃঙ্খলা সভা সংক্রান্ত | প্রতিটি ইউনিয়নে নিয়মিত মাসিক আইন শৃঙ্খলা সভা আহ্বান সংক্রান্ত আলোচনা। | প্রতিটি ইউনিয়নে নিয়মিত মাসিক আইন শৃঙ্খলা সভা আহ্বান করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল দপ্তরে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, নাগরপুর। |
| ৭. | গ্রাম আদালত সংক্রান্ত | প্রতিটি ইউনিয়ন পরিষদে বিজ্ঞ আদালত হতে প্রেরিত মামলা ও ইউনিয়ন পরিষদে দায়েরকৃত মামলার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) আলোচনান্তে গ্রাম আদালতে দায়েরকৃত মামলা এবং বিজ্ঞ আদালত হতে প্রেরিত মামলা দ্রুত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) প্রতি মাসে নির্ধারিত ফরমেটে গ্রাম আদালত সংক্রান্ত মাসিক প্রতিবেদন মাসের ১ম কার্যদিবসের মধ্যে ইউএনও অফিসে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, নাগরপুর। |
| ৮. | অবৈধ করাতকল ও ডিলিং লাইসেন্স সংক্রান্ত | অবৈধ করাতকল ও ডিলিং লাইসেন্স বিষয়ে আলোচনা। | করাতকল ও অত্যাবশ্যকীয় পণ্যের ব্যবসার জন্য ডিলিং লাইসেন্স করার ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সকল ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়। অন্যথায় অবৈধ করাতকল ও অবৈধ ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি) |
| ৯. | বিদ্যুৎ সাশ্রয় সংক্রান্ত | বিদ্যুৎ সাশ্রয় করা বিষয়ে আলোচনা। | ক) রাত ৮.০০ টার পর (হোটেল ও ঔষধ এর দোকান ব্যতীত) সকল দোকান-পাট ও শপিং মল বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) জরুরি প্রয়োজন ব্যতীত বিদ্যুৎ দিয়ে চালিত সকল যন্ত্রপাতি ও ডিভাইস বন্ধ রাখাসহ অপ্রয়োজনীয় আলোকসজ্জা পরিহার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) সরকারি সকল অফিসে ন্যূনতম ২৫% বিদ্যুৎ সাশ্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) এয়ার কন্ডিশন (এসি) চালানোর ক্ষেত্রে এসি'র তাপমাত্রা ২৪ ডিগ্রী সেলসিয়াস এর উপরে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) লোডসেডিং এর এলাকাভিত্তিক তালিকা প্রস্তুত করে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম, টাঙ্গাইল পল্লী বিদ্যুৎ সমিতি, নাগরপুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>চ) এসকল বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের ব্যত্যয় ঘটলে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) সরকার কর্তৃক নির্ধারিত সময়ে যথাসময়ে অফিসে আগমন ও প্রস্থান করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সহকারী কমিশনার (ভূমি) সকল অফিস প্রধান, ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, নাগরপুর ও সংশ্লিষ্ট সকল |
| ১০. | শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত | শিক্ষা প্রতিষ্ঠান বিষয়ে আলোচনা। | ক) স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) ক্লাশে ছাত্র-ছাত্রীদের শতভাগ উপস্থিতি নিশ্চিত করাসহ শিক্ষকদের বিদ্যালয়ে নিয়মিত যথাসময়ে উপস্থিত হওয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগরপুর, টাঙ্গাইলকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগরপুর, টাঙ্গাইল |
| ১১. | করোনা ভাইরাস | করোনা ভাইরাস বিষয়ে সতর্ক থাকা প্রসঙ্গে আলোচনা। | ১। সরকার ঘোষিত স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে প্রচার প্রচারণা ও সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। করোনা ভাইরাস প্রতিরোধে টিকা গ্রহণের বিষয়ে প্রচার-প্রচারণাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউএইচএফপিও, নাগরপুরকে অনুরোধ করা হয়।<br>৩। জরুরি প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসার এর মোবাইল নম্বর ০১৭৬২৬৯১৬২৯, উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা এর মোবাইল নম্বর ০১৭১২৫৬৯০২৫, অফিসার ইনচার্জ, নাগরপুর থানার মোবাইল নম্বর ০১৩২০০৯৬৪৪৩ নম্বরে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ইউএইচএফপিও, অফিসার ইনচার্জ, নাগরপুর থানা, উপজেলা শিক্ষা কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, চেয়ারম্যন (সকল) ইউনিয়ন পরিষদ এবং সংশ্লিষ্ট সকল। |



CamScanner

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১২. | মাদক প্রতিরোধ সংক্রান্ত | উপজেলার মাদক প্রতিরোধ করার বিষয়ে আলোচনা। | ক) মাদক বিক্রেতা ও মাদকসেবীদের আইনের আওতায় আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানসহ নির্দিষ্ট স্থানসমূহে মাদক সেবন ও বিক্রয়রোধে পুলিশ টহল জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) বিকালবেলা থেকে সন্ধ্যার পরে উপজেলা পরিষদে অবস্থিত কফি হাউজে বখাটে ছেলেদের আড্ডা রোধে পুলিশ টহল প্রদানের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) মাদকের বিষয়ে সকলে সজাগ থাকবে এবং কোন অপ্রীতিকর ঘটনা ঘটার সম্ভাবনা থাকলে এবং মাদক সংক্রান্ত তথ্য জানা থাকলে উপজেলা প্রশাসন, নাগরপুর ও অফিসার-ইন-চার্জ, নাগরপুর থানাকে অবহিত করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নাগরপুর থানা<br><br>চেয়ারম্যান, সকল ইউপি ও সংশ্লিষ্ট সকল |
| ১৩. | ট্রলী সংক্রান্ত | নাগরপুর উপজেলার ট্রলী'র চলাচল নিয়ন্ত্রণ সংক্রান্ত আলোচনা। | ১। সকাল ৮.০০ টা থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত যেন ট্রলী চলাচল করতে না পারে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। বালু পরিবহনের সময় ত্রিপল/পর্দা ব্যবহার করে ট্রলী পরিবহন করবে।<br>৩। হাইওয়েসহ অন্যান্য রাস্তায় ট্রলী চলাচলের সময় ট্রলীর গতিসীমা সর্বোচ্চ ৪০.০০ কি:মি: এর মধ্যে সীমাবদ্ধ থাকবে। | অফিসার ইনচার্জ, নাগরপুর থানা<br><br>সভাপতি/সাধারণ সম্পাদক, ট্রলী মালিক সমিতি |
| ১৪. | বাল্য বিবাহ ও ইভটিজিং প্রতিরোধ | বাল্য বিবাহ প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধির জন্য গণসচেতনতা সৃষ্টি করে বাল্য বিবাহ প্রতিরোধ ও ইভটিজিং প্রতিরোধ বিষয়ে আলোচনা। | ক) বাল্য বিবাহের ক্ষতিকর ও কুফল দিক সম্পর্কে সকলকে অবহিত ও সম্যক ধারণা দেয়ার জন্য গ্রামে গ্রামে গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে উঠান বৈঠক, সভা করা এবং প্রতি শুক্রবার মসজিদে জুম্মার নামাজের খুৎবার পূর্বে ইমামগণ বাল্যবিবাহ, যৌতুক, ইভটিজিং, নারী নির্যাতন, মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা বন্ধের বিষয়ে কোরআন-হাদীসের আলোকে বয়ান অব্যাহত রাখার জন্য মসজিদের ইমামসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) বাল্য বিবাহ ও ইভটিজিং প্রতিরোধে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) বাল্য বিবাহ প্রতিরোধের জন্য সামাজিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার আহ্বানে প্রতি মাসে অন্তত: ১০টি বাল্য বিবাহ প্রতিরোধ সম্পর্কে ছাত্র শিক্ষক, অভিভাবক ও ইউপি চেয়ারম্যানসহ সমাবেশ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঘ) যেসব বাল্য বিবাহ বন্ধ করার পর পরবর্তীতে চালাকির মাধ্যমে বিবাহ সম্পন্ন করে থাকে; খোঁজ নিয়ে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ঙ) ইভটিজিং প্রতিরোধে স্কুল ও কলেজ চলাকালীন সিভিল ড্রেসে পুলিশ টহল অব্যাহত রাখা এবং ইভটিজিংকারী ব্যক্তির তথ্য উপজেলা নির্বাহী অফিসার ও অফিসার-ইন-চার্জ, নাগরপুর থানাকে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা প্রশাসন;<br>খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা;<br>গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা;<br>ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান;<br>ঙ) ইমাম, সকল মসজিদ।<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br><br>অফিসার ইনচার্জ, নাগরপুর থানা;<br><br>চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, নাগরপুর। |
| ১৫. | বিবিধ | গণসচেতনতা বৃদ্ধি সম্পর্কে আলোচনা | ক) ইভটিজিং প্রতিরোধে মা সমাবেশসহ গণসচেতনতা বৃদ্ধি করতে প্রতি শুক্রবার মসজিদে জুম্মার নামাজের খুৎবার পূর্বে ইমামগণ বাল্যবিবাহ, যৌতুক, ইভটিজিং, নারী নির্যাতন, মাদক, জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা বন্ধের বিষয়ে কোরআন-হাদিসের আলোকে বয়ান অব্যাহত রাখার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>খ) বালি পরিবহনের সময় সকল ধরণের গাড়িতে ঢাকনা দিয়ে বালি ঢেকে নেয়ার বিষয়টি জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>গ) নাগরপুর উপজেলার যেসকল রাস্তায় ট্রাক্টর দিয়ে মালামাল তথা মাটি/বালি পরিবহন করা হয় সে সমস্ত ট্রাক্টর ড্রাইভারদের গাড়ীর গতি নিয়ন্ত্রণ করে চালানোর বিষয়ে অবহিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন নাগরপুর;<br>অফিসার ইনচার্জ, নাগরপুর থানা;<br>চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ;<br>ইমাম, সকল মসজিদ, নাগরপুর, টাঙ্গাইল। |
| | | খ) গ্যাস সিলিন্ডার বিক্রেতাদের দোকানে সিলিন্ডার সম্পর্কে আলোচনা | ক) লাইসেন্স ব্যতীত গ্যাস সিলিন্ডার বিক্রেতাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত মোবাইল কোর্ট অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) নাগরপুরে গ্যাস সিলিন্ডারের মান নিয়ন্ত্রণ ও | সহকারী কমিশনার (ভূমি) নাগরপুর ও সংশ্লিষ্ট সকল |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | | দোকানে অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন যাচাই-বাছাইপূর্বক প্রতিবেদন দাখিল অব্যাহত রাখার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। গ) নাগরপুরের প্রতিটি সরকারি ও ব্যক্তিগত ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নিনির্বাপন যন্ত্র স্থাপনের ও যন্ত্রের ব্যবহার প্রক্রিয়া নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। তাছাড়া নাগরপুর উপজেলার সকল হাট-বাজারের দোকানসমূহে অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপনের বিষয়ে দোকান মালিকগণকে পরামর্শ প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। ঘ) গ্যাস সিলিন্ডার বিক্রেতাদের তালিকা প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ তালিকায় বৈধ ব্যবসায়ী হলে বৈধ এবং অবৈধ ব্যবসায়ী হলে অবৈধ কথা উল্লেখ থাকতে হবে। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নাগরপুর। |
| | | গ) সমসাময়িক বিষয়ে জুমআর নামাজের খুৎবায় আলোচনা | মসজিদের ইমামগণ জুমআর নামাজের খুৎবায় সমসাময়িক বিষয়ে আলোচনা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, ইমাম সমিতি, নাগরপুর, টাঙ্গাইল। |
| | | ঘ) সেচ এবং পল্লী বিদ্যুতের মিটার ও ট্রান্সফরমার চুরি সংক্রান্ত | ক) রাত ১২.০০ টা হতে সকাল ৬.০০ টা পর্যন্ত বিদ্যুৎ চালিত সেচ ব্যবহারের সিদ্ধান্ত গৃহীত হয়। খ) পল্লী বিদ্যুতের মিটার ও ট্রান্সফরমার চুরি রোধে টহল পুলিশ মোতায়েনের ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, নাগরপুর থানাকে অনুরোধ জানানো হয়। গ) পল্লী বিদ্যুতের মিটার ও ট্রান্সফরমার চুরি রোধে গ্রাম পুলিশের তৎপরতা বৃদ্ধিসহ জনসাধারণকে চুরির বিষয়ে অধিকতর সচেতন থাকার জন্য উদ্বুদ্ধকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঘ) বিদ্যুৎ অফিসের ফোন নম্বরে জনগণ যেন সার্বক্ষণিক ফোনে কথা বলতে পারে সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার ইনচার্জ, নাগরপুর থানা। চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ |
| | | চ) বাজার মনিটরিং সংক্রান্ত | নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের দাম বৃদ্ধি রোধকল্পে নিয়মিত বাজার মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং অসাধু ব্যবসায়ীদের মোবাইল কোর্টের মাধ্যমে সাজা/জরিমানা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন, নাগরপুর |
| | | ছ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সংক্রান্ত | অগ্নিকান্ড এবং সড়ক দুর্ঘটনা ঘটলে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, নাগরপুর, টাঙ্গাইল অফিসের ০১৯০১০২০৯৮৪ নম্বরে যোগাযোগ করার জন্য সকলকে অনুরোধ করা হয় এবং এ নম্বরটি জনসাধারণকে অবগত করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল ও চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ |
| | | জ) ভাড়াটিয়াদের নির্ধারিত ফরমে তথ্য সংগ্রহ সংক্রান্ত | ক) মাদক, সন্ত্রাস, জঙ্গিবাদ, অনলাইন স্ক্যামিংসহ বিভিন্ন অপরাধ প্রতিরোধে বাড়ির মালিকগণ ভাড়াটিয়াদের তথ্য নির্ধারিত ফরমে নাগরপুর থানায় সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়। খ) এ বিষয়ে বাড়ির মালিকগণকে অবগত করার নিমিত্ত সকল ইউপি চেয়ারম্যানসহ সকলকে প্রচার-প্রচারণা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | অফিসার ইনচার্জ, নাগরপুর থানা, চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৮/২০২৬

(ওয়াহিদুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, নাগরপুর, টাঙ্গাইল।
☎ ০২৯৯৭৭৫৬৮০১
E-mail: unonagarpur@mopa.gov.bd

CamScanner

স্মারক নম্বর-০৫.৩০.৯৩৭৬.০০০.০৬.০০২.১৭-৬৯০(৫০) তারিখ: ১০-০৮-২০২৩ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩৫, টাঙ্গাইল-৬ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, নাগরপুর, টাঙ্গাইল।
২. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
৩. পুলিশ সুপার, টাঙ্গাইল।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, নাগরপুর, টাঙ্গাইল।
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান ও উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, নাগরপুর, টাঙ্গাইল।
৬. সহকারী কমিশনার (ভূমি), নাগরপুর, টাঙ্গাইল।
৭. অফিসার ইনচার্জ, নাগরপুর থানা, টাঙ্গাইল।
৮. উপজেলা ......................................................................... অফিসার, নাগরপুর, টাঙ্গাইল।
৯. চেয়ারম্যান, ............................................................ ইউনিয়ন পরিষদ, নাগরপুর, টাঙ্গাইল।
১০. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ......................................................................, নাগরপুর, টাঙ্গাইল।
১১. জনাব .......................................................................................................।
১২. অফিস কপি।

১০/০৮/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
নাগরপুর, টাঙ্গাইল।